Ex/BANGLA/PG/1.4/2024

# MA BENGALI END SEMESTER EXAMINATION, 2024

## ( FIRST YEAR, FIRST SEMESTER )

## BENGALI

## COURSE : PG 1.4

## মধ্যযুগের বাংলা সাহিত্য

সময় : ২ ঘণ্টা | পূর্ণমান : ৩০

*যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।*

১. ভগবদ্‌গীতায় ভক্তির যে চেহারা বিবৃত হয়েছিল পরবর্তী ভক্তিভাবনায় তা কীভাবে আরও বিকশিত হয়ে উঠেছিল, দু'টি ভক্তিসূত্র মাথায় রেখে সংক্ষেপে আলোচনা করো। ১০

**অথবা**

২. রূপ গোস্বামীর পরিকল্পনা অনুযায়ী ভক্তিরসের যে রূপটি বাংলার বৈষ্ণব সমাজে স্বীকৃত হয়েছে তার একটি সংক্ষিপ্ত বিবরণ দাও। প্রসঙ্গত উৎকর্ষের বিচারে মধুরা কৃষ্ণরতির পর্যায়গুলির নাম লেখো। ৭+৩=১০

৩. মান পর্যায়ের বৈষ্ণব পদে বিদ্যাপতি এবং গোবিন্দ দাসের দু-একটি পদ আলোচনা করে উভয়ের দৃষ্টিভঙ্গি ও কাব্যকলার একটি তুলনামূলক আলোচনা করো। ১০

**অথবা**

৪. আগতি এবং প্রাদুর্ভাব বলতে কী বোঝো? সম্ভোগের পদ রচনায় চৈতন্য পূর্ব এবং পরবর্তী দুইজন কবির দু'টি পদ আলোচনা করে দুই পর্বের কবির রচনার পার্থক্য বুঝিয়ে দাও। ২+৮=১০





৫. বেণুবাদক প্রেমিক কৃষ্ণ নয়, অসুর নিধনকারী বীরশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণের প্রতিই মালাধর বসু কৌতূহল এবং আকর্ষণ বোধ করেছিলেন কেন? আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

**অথবা**

৬. 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যে মালাধর বসু কি অনুবাদক অপেক্ষা স্রষ্টা-শিল্পীর ভূমিকা গ্রহণ করেছিলেন? দৃষ্টান্তসহ তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ১০

৭. মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যকে অন্যান্য কী কী নামে অভিহিত করা হয়? এই নামকরণের ক্ষেত্রে কী কী ভাবনা কার্যকর হয়েছিল বলে তোমার মনে হয় তা দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০

৮. 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থের সূচনায় কৃষ্ণদাস কবিরাজ 'মঙ্গলাচরণ' করেছেন কেন? 'মঙ্গলাচরণ'-এর গঠন নির্দেশ করে দৃষ্টান্ত সহযোগে বুঝিয়ে দাও। ১০

**অথবা**

৯. কৃষ্ণদাস কবিরাজের 'চৈতন্যচরিতামৃত' অনুযায়ী গোপী প্রেমের বৈশিষ্ট্য উল্লেখ করে তার অভিনবত্ব সম্পর্কে আলোকপাত করো। ১০

১০. টীকা লেখো (যেকোনো **দুটি**) ঃ ৫×২=১০

(ক) 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যে বজ্রনাভ কাহিনির গুরুত্ব

(খ) 'চৈতন্যচরিতামৃত' কাব্য অনুসারে চৈতন্য অবতারের আবির্ভাবের গৌণ কারণ

(গ) 'শ্রীকৃষ্ণবিজয়' ও 'চৈতন্যচরিতামৃত' কাব্যে মোক্ষের ধারণা

★ ★ ★